



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

সূত্র নং- ০১(১৬২)/জাতী:বি:/প্রশা:/৯২/১/২০২৮

তারিখ: ৩১শে অক্টোবর ২০১৯

অধ্যক্ষ

অধিভুক্ত সকল কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান
জাতীয় বিশ্ববিদ্যালয়।

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকীতে প্রকাশিতব্য গ্রন্থের জন্য লেখা আহ্বান।

প্রিয় মহোদয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মার্চ ২০২০ হতে বছরব্যাপী নানাবিধ কর্মসূচি গ্রহণ করেছে। এ জন্য বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের লেখা নিয়ে বঙ্গবন্ধু : জীবন ও কর্ম শীর্ষক এক গ্রন্থ প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ গ্রন্থটিতে নিম্নবর্ণিত যে কোনো একটি বিষয়ের ওপর আলোকপাত করে লেখা প্রেরণ করা যেতে পারে-

১. বঙ্গবন্ধুর শৈশব;
২. বঙ্গবন্ধুর স্কুল জীবন;
৩. বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন;
৪. বঙ্গবন্ধুর কারাজীবন;
৫. ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর ভূমিকা;
৬. বঙ্গবন্ধু ও অসাম্প্রদায়িক আদর্শ;
৭. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর নেতৃত্ব;
৮. ৭ই মার্চের ভাষণের ঐতিহাসিক গুরুত্ব ও তাৎপর্য;
৯. বঙ্গবন্ধু সরকারের আমলে গৃহীত পদক্ষেপ;
১০. পুস্তক পর্যালোচনা : বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী;
১১. পুস্তক পর্যালোচনা : কারাগারের রোজনামাচা;
১২. বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট স্মরণিত কবিতা।


এমতাবস্থায়, উপর্যুক্ত গ্রন্থের জন্য আপনার কলেজের শিক্ষকদের নিকট থেকে অনধিক ১৫০০ শব্দের একটি নিবন্ধ অথবা সর্বোচ্চ ২ পৃষ্ঠার মৌলিক কবিতা আগামী ১৫ই জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ই-মেইলে সফট কপি (MS Word and PDF) আকারে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করছি। উল্লেখ্য, সম্পাদনা পর্বদ কর্তৃক নির্বাচিত লেখাগুলো প্রয়োজনীয় সংশোধনী সাপেক্ষে গ্রন্থটিতে অন্তর্ভুক্ত হবে।

আবশ্যিক

- ✓ SutonnyMJ ফন্ট-এ কম্পোজ
- ✓ তথ্যসূত্র লেখার সর্বশেষে দেয়া

পত্রটি সার্কুলার আকারে সহকর্মীদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ রইল।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে


31.10.2019

মোহাম্মা মাহফুজ আল-হোসেন

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়

লেখা পাঠানোর ই-মেইল : nuvcbb2020@gmail.com